গাংনীতে বিনামূল্যে মাস্ক বিতরণ করলেন পৌর মেয়র

করোনা প্রতিরোধে বাসযাত্রী ও পথচারীদের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করেছে মেহেরপুরের গাংনী পৌরসভা।

আজ মঙ্গলবার সকাল ১০ টার দিকে গাংনী বাজার বাসস্ট্যান্ডে পৌর মেয়র আশরাফুল ইসলামের নেতৃত্বে কাউন্সিলর ও পৌর কর্মকর্তা কর্মচারীগণ বিনামূল্যে এ মাস্ক বিতরণ করেন।

মাস্ক বিতরণের সময় সংক্ষিপ্ত বক্তব্যে মেয়র আশরাফুল ইসলাম বলেন, করোনা প্রাদুর্ভাব কমাতে সচেতনা অত্যন্ত জরুরী। নিজের ও পরিবারের সুরক্ষার জন্য মাস্ক ব্যবহার প্রত্যেককে নিশ্চিত করতে হবে।

এ সময় তিনি পথচারী ও যানবাহনে ভ্রমনরত মানুষকে পৌরসভার মনোগ্রাম সংবলিত মাস্ক বিনামূল্যে প্রদান করেন। এ সময় ৫ হাজার মাস্ক বিতরনের ঘোষণা দেন তিনি।

করোনায় আরও ৩৫ জনের মৃত্যু, নতুন শনাক্ত ১৯৫০

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৩১৬ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ১ হাজার ৯৫০ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৩ লাখ ১৪ হাজার ৯৪৬ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ২৯০ জন এবং মোট সুস্থ ২ লাখ ৮ হাজার ১৭৭ জন।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো

হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১২ হাজার ২০৯টি নমুনা পরীক্ষা করে ১ হাজার ৯৫০ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট শনাক্ত ৩ লাখ ১৪ হাজার ৯৪৬।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ১৫ দশমিক ৯৭ শতাংশ।

এই সময়ে দেশে আরও ৩৫ জনের মৃত্যু হয়েছে। মারা যাওয়ার রোগীদের মধ্যে ২১ জন পুরুষ ও ১৪ জন নারী। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৩১৬ জন কোভিড রোগীর মৃত্যু হলো।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ২৯০ জন এবং মোট সুস্থ ২ লাখ ৮ হাজার ১৭৭ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৬৬ দশমিক ১০ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ৩৭ শতাংশ।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

সূত্র- যুগান্তর

গাংনীতে মাছের পোনা অবমুক্ত করণ

মেহেরপুরের গাংনী উপজেলা মৎস্য ডক্টরের উদ্যোগে ৪শ’ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়েছে।

মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় ২০২০-২১ অর্থ বছরে বিভিন্ন প্রাতিষ্ঠানিক পুকুর/উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা হয়।

আজ মঙ্গলবার সকালে উপজেলা মৎস্য কর্মকর্তা রবিউল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, জেলা মৎস্য কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়া, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ, গাংনী থানা অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান।

এ সময় উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা প্রীতম চৌধুরী, ক্ষেত্র সহকারী খন্দকার এজাজ হোসেন, জামালউদ্দিনসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে বস্তাভর্তি ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি দাখিল মাদ্রাসার সামনে থেকে পরিত্যক্ত অবস্থায় ১৪০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বামুন্দি ক্যাম পুলিশ।

মঙ্গলবার সকাল দশটার দিকে বামুন্দি ক্যাম্পের এএসআই ইলিয়াস হোসেন পরিত্যক্ত অবস্থায় বস্তাভর্তি ১৪০ বোতল ফেন্সিডিল উদ্ধার করে।

বামুন্দি ক্যাম পুলিশের এসআই ইলিয়াস হোসেন জানান, সকালে স্থানীয়দের দেয়া তথ্যের ভিত্তিতে করমদি মাদ্রাসার সামনে থেকে একটি বস্তা উদ্ধার করা হয়। বস্তা তল্লাশি করে ১৪০ বোতল ফেনসিডিল উদ্ধার করে গাংনী থানায় জমা দেয়া হয়েছে।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান জানান, করমদি মাদ্রাসার সামনে থেকে বস্তাভর্তি ফেনসিডিল উদ্ধার করা হয়েছে। বামুন্দি ক্যাম্প পুলিশ ১৪০ বোতল ফেনসিডিল গাংনী থানায় জমা দিয়েছেন।

মেহেরপুরের বিশিষ্ট নাট্যকার মশিউজ্জামান বাবু’র জানাযা সম্পন্ন

মেহেরপুরের বিশিষ্ট নাট্যকার ও জেলা শিল্পকলা একাডেমীর আজীবন সদস্য মশিউজ্জামান বাবু’র জানাযা সম্পন্ন হয়েছে। মেহেরপুর বড় বাজার জামে মসজিদ প্রাঙ্গনে তার জানযার নামজ অনুষ্ঠিত হয়। পরে মেহেরপুর শেখ পাড়া কবর স্থানে তাকে দাফন করা হয়। মেহেরপুর ২ নং ওয়ার্ডের মৃত মসলেম আলী বিশ্বাসের ছেলে। বুধবার ভোর ৫টার দিকে নিজ বাসভবনে তার মৃত্যু হয়।

বড়বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি, জামান ক্লথ ষ্টোরের মালিক মনিরুজ্জামান দিপুর বড় ভাই জামান এন্টার প্রাইজের মালিক, জেলা শিল্পকলা একাডেমীর নাট্য প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছেন।মৃত্যু কালে তার বয়স হয়েছিল ৬৬ বছর। তিনি দীর্ঘদিন যাবৎ লিভার ক্যান্সারসহ বিভিন্ন ধরনের রোগে ভুগছিলেন। মঙ্গলবার ভোরে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। মশিউজ্জামান বাবু স্ত্রী ২ পুত্রসহ অসংখ্য গুণগ্রাহী রয়েছে।

আগের ভাড়ায় ফিরল গণপরিবহন

করোনাকালীন বাড়ানো ৬০ শতাংশ বর্ধিত ভাড়া প্রত্যাহার করে আগের ভাড়ায় ফিরেছে গণপরিবহন ও দূরপাল্লার বাস।

আজ মঙ্গলবার থেকে করোনা পূর্ববর্তী ভাড়া আদায় করা হচ্ছে।

করোনা ভাইরাস সংক্রমণের প্রেক্ষাপটে গত ২৪ শে মার্চ থেকেই বাংলাদেশে গণপরিবহন চলাচল কার্যত বন্ধ করে দেওয়া হয়। দুই মাস পর স্বাস্থ্যবিধি মেনে চলার শর্তে গত ৩১ মে থেকে গণপরিবহন ও ট্রেন চালু করার অনুমতি দেয় সরকার। তখন বাসে অর্ধেক আসন ফাঁকা রাখার শর্তে প্রায় ৬০ শতাংশ ভাড়া বাড়ানোর অনুমতি দেয়া হয়।

তিন মাস বর্ধিত ভাড়ায় বাস-গণপরিবহন চলার পর আজ ১ সেপ্টেম্বর থেকে করোনাকালীন পূর্বের বাড়ায় বাস-গণপরিবহন চলাচল করবে।

সূত্র- বিডি-প্রতিদিন

গাংনীতে প্রাইমারি বিদ্যালয়ের মাঝে খেলাধুলা সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রাইমারি বিদ্যালয়ের মাঝে খেলাধুলা সামগ্রী বিতরণ করেন মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য মোহা:সাহিদুজ্জামান খোকন।

আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের নিজ বাসভবনে উপজেলার ৪০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে খেলাধুলার সামগ্রী তুলে দেয়া হয়। এসময় উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ মোঃ ওবায়দুর রহমান।

গাংনী সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজার সঞ্চালনায় সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক দানেছূর রহমান, ভাটপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শফিকুল ইসলাম, নবীন পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুর রহমান মুক্তি সহ ৪০ টি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সহ উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

আলমডাঙ্গার পাইলট ও আল-ইকরা একাডেমীর সাফল্য

এসএসসি পরীক্ষায় সর্বোচ্চ সাফল্য পাওয়ার পর ঢাকার নটরডেম ও সেন্ট জোসেফ কলেজে মেধা তালিকায় এইচএসসিতে ভর্তির সুযোগ পেয়ে রীতিমত হইচই ফেলে দিয়েছে আলমডাঙ্গার চার কৃতি শিক্ষার্থী। চলতি অনলাইনে ভর্তি পরীক্ষায় এই চার শিক্ষার্থী একই সাথে ঢাকার নটরডেম, সেন্ট জোসেফ ও রেসিডেন্সিয়াল মডেল কলেজে ভর্তির সুযোগ পায়।

নটরডেম কলেজে ভর্তির সুযোগ পাওয়া রোহান কলেজপাড়ার রাকিবুল ইসলাম তুহিনের ছেলে, নোবেল বাবুপাড়ার সিরাজুল ইসলামের ছেলে এবং রাইসুল মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হকের ছেলে। রাইসুল ভর্তির সুযোগ পেয়েছে ঢাকার সেন্ট জোসেফ কলেজে। এই তিনজনই আলমডাঙ্গা সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের ছাত্র। আর সাকিব আহমেদ আলমডাঙ্গার অন্যতম বিদ্যাপীঠ আল-ইকরা ক্যাডেট একাডেমীর শিক্ষার্থী। সে ভর্তির সুযোগ পেয়েছে নটরডেম কলেজে।

অপরদিকে, সারা বছর প্রচার প্রচারনায় থাকা ব্রাইট মডেল স্কুলের কোন শিক্ষার্থী বরাবরের মত এবারও কোন নামকরা কলেজে ভর্তির সুযোগ পায়নি। এ বিষয়ে শহরের চায়ের দোকানগুলোতে সচেতন অভিভাবকদের মাঝে স্কুলের পড়াশোনার মান নিয়ে চুলচেরা বিশ্লেষণ চলছে। চলছে আলোচনা ও সমালোচনা।

খোঁজ নিয়ে জানা গেছে, আল-ইকরা ক্যাডেট একাডেমীর ছাত্র সাকিব আহমেদ ক্লাস ফাইভ, এইট ও এসএসসিতে গোল্ডেন জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়। এর মধ্যে এইটে উপজেলার সেরা ও এসএসসিতে জেলার সেরা মেধা তালিকায় স্থান পায়। সাকিব এসএসসিতে আবার বোর্ডের ট্যালেন্টপুলেও বৃত্তি পেয়েছে।

পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র রোহান, নোবেল ও রাইসুল তিনজনই ক্লাস ফাইভ ও এইটে গোল্ডেন জিপিএ-৫ পায়। এসএসসিতেও রোহান ও নোবেল বোর্ডের সাধারণ গ্রেডে বৃত্তি পেয়েছে।

সাকিব জানায়, সে আগামীতে দেশসেরা ইঞ্জিনিয়ার হতে চায়। পড়তে চায় বুয়েটে।

রোহান ও নোবেল এই দুইজনও ইঞ্জিনিয়ার হতে চায়। তারাও বুয়েটে পড়াশোনা করার স্বপ্ন দেখছে। অপরদিকে, রাইসুল হতে চায় ডাক্তার।

কুমারখালীতে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে মোবাইল কোর্ট অব্যাহত

কুষ্টিয়ার কুমারখালীর শহর ও শহরতলী, ব্যবসা প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি দপ্তরে আবশ্যিক মাস্ক ব্যবহার নিশ্চিত করতে প্রতিদিন পরিচালিত হচ্ছে মোবাইল কোর্ট।

উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে ইতোমধ্যে সকল দোকান ও সরকারি দপ্তরে “মাস্ক নাই তো বাজার নাই, কোন সরকারি সেবা নাই” নোটিশ টাঙিয়ে দেয়া হয়েছে ।

সোমবার প্রতিদিনের ন্যায় নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খান কুমারখালী উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে, বাজারের বিভিন্ন দোকানে এবং সড়কে মাস্ক ব্যবহার না করায় সংক্রামক রোগ নিয়ন্ত্রণ প্রতিরোধ ও নির্মূল আইন ২০১৮ অনুযায়ী ১৭টি মামলায় ১৭ জনকে ৭ হাজার টাকা জরিমানা করেন।

এ সময় কুমারখালী থানা পুলিশ, পেশকার এবং অফিসের স্টাফ মোবাইল কোর্টকে সহোযোগিতা করেন।